

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৩৫

আগরতলা, ৮ জুলাই, ২০২৪

অন্তর্বর্ত ২.০ প্রকল্পে তিনটি জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের ভিত্তিপ্রস্তর স্থাপন

উন্নয়ন কর্মসূচি রূপায়ণে রাজ্য সরকার কোনো ধরণের
রাজনীতি বা ভেদাভেদকে প্রশংস্য দেবেনা : মুখ্যমন্ত্রী



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উন্নয়নের যে দিশায় কাজ করছেন রাজ্য সরকারও তাকে
পাঠেয় করে রাজ্যের সার্বিক বিকাশে কাজ করছে। এরফলে রাজ্য বর্তমানে স্বাস্থ্য,
শিক্ষা, যোগাযোগ, ক্রীড়াক্ষেত্রসহ প্রতিটি ক্ষেত্রেই অভাবনীয় সফলতা এসেছে।
উন্নয়ন কর্মসূচি রূপায়ণে রাজ্য সরকার কোনো ধরণের রাজনীতি বা ভেদাভেদকে
প্রশংস্য দেবেনা। আজ আগরতলার সেন্ট্রাল রোডস্থিত শিববাড়ী প্রাঙ্গণে অন্তর্বর্ত ২.০
প্রকল্পে তিনটি জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়ন কর্মসূচির ভিত্তি প্রস্তর স্থাপন করে
মুখ্যমন্ত্রী প্রফেসর (ডি.) মানিক সাহা একথা বলেন। আজ যে তিনটি জলাশয়ের
সংস্কার ও সৌন্দর্যায়নের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে সেগুলি হল - সেন্ট্রাল
রোড পুকুর, উজান অভয়নগর বাজার জলাশয় এবং উজান অভয়নগরের
ভেটেরিনারি হাসপাতালের জলাশয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, স্মার্ট সিটি প্রকল্পে
আগরতলা শহরের অনেকগুলো জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ
ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। সরকারি উদ্যোগে যে সমস্ত জলাশয়ের সৌন্দর্যায়নের
কাজ হয়েছে সেগুলিকে রক্ষণাবেক্ষণের জন্যও নাগরিকদের সচেতন থাকতে হবে।
পাশাপাশি আগরতলা শহরকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতেও নাগরিকদের সচেতন
হতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকারের আন্তরিক প্রচেষ্টার ফলেই স্বাস্থ্যক্ষেত্রে কিউনি প্রতিষ্ঠাপনের মতো গুরুত্বপূর্ণ অপারেশন রাজ্যে আজ থেকে শুরু হয়েছে। রাজ্য কিউনি প্রতিষ্ঠাপনের বিষয়ে সৃজা হাসপাতাল ও রিসার্চ সেন্টারের সঙ্গে রাজ্য সরকারের চুক্তি স্বাক্ষর হয়েছে। শুধু তাই নয় রাজ্যে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের ফলে এখন বহু জটিল রোগের সফল অস্ত্রোপচার সম্ভব হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার জনগণের সমস্যা সমাধানে প্রতিটি ক্ষেত্রেই স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। ছেলেমেয়েদের চাকুরী প্রদান সহ সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা সুবিধাভোগীদের মধ্যে প্রদানে স্বচ্ছতা বজায় রেখে সরকার কাজ করছে।

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত বলেন, বর্তমান রাজ্য সরকারের উদ্যোগে সারা রাজ্যেই উন্নয়নের কর্মসূচি চলছে। আগরতলা শহরকে সাজিয়ে তোলার লক্ষ্যে আগরতলা পুর নিগম রাজ্য সরকারের সহযোগিতায় বহু কাজ ইতিমধ্যেই সম্পন্ন করেছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে আগরতলা পুর নিগমের কমিশনার ডা শৈলেশ কুমার যাদব বলেন, অন্তর্বত ২.০ প্রকল্পে এই তিনটি জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের কাজ করা হবে। এর মধ্যে সেন্টাল রোড পুরুরের সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য ব্যয় হবে ২ কোটি ৭৮ লক্ষ টাকা। উজান অভয়নগর বাজার পুরুরের সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য ব্যয় হবে ৩ কোটি ১ লক্ষ টাকা এবং উজান অভয়নগর ভেটেরিনারি হাসপাতাল জলাশয়ের সংস্কার ও সৌন্দর্যায়নের জন্য ব্যয় হবে ২ কোটি ৪৭ লক্ষ টাকা। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র পারিষদ হীরালাল দেবনাথ ও কর্পোরেটর রত্না দত্ত।
